# ছুটি পাওয়ার অধিকার এবং বেতন/তলব

১৯৯৮ সালের 'দি ওয়ার্ক টাইম রেগুলেশনগুলির' দ্বারা কর্মচারীদের/নিযুক্ত ব্যক্তিদের আইনতঃ ন্যূনতম (minimum) দাবীর এবং বেতন/তলব সহ ছুটির অধিকার দেওয়া হয়েছে। এটা হচ্ছে ন্যূনতম কাঠামো এবং চাকুরীর নিয়োগকর্ত্তা/মনিব হয়তঃ তাদের কর্মচারীদের/নিযুক্ত ব্যক্তিদের চাকরীর চুক্তির মধ্যে এর থেকেও বেশী অধিকার দিতে পারেন। চুক্তি অনুসারে কি কি অধিকার আছে সেটা জানবার জন্য আপনার চাকরীর চুক্তি, এই সম্বন্ধে লিখিত বিবৃতি অথবা কোম্পানির হ্যান্ডবুক পরীক্ষা করে দেখা উচিৎ।

## কাদের বেতনসহ ছুটি পাওয়ার অধিকার আছে?

উপরিক্ত আইন কর্মচারী/নিযুক্ত ব্যক্তিদের বেতনসহ ছুটির অধিকার দিয়েছে। এই কর্মচারীদের/নিযুক্ত ব্যক্তিদের মধ্যে আছেন যারা পুরা সময়ের(full time) জন্য কাজ করেন এবং খন্ড সময়ের (part time) জন্য কাজ করেন তারা, এজেন্সিগুলির জন্য যারা কাজ করেন এবং যারা স্ব-নিযুক্ত, তাদের মধ্যে বেশীরভাগ ব্যক্তিরা। কিন্তু যাদের নিজেদের ব্যবসা আছে এবং যাদের নিয়োগকর্ত্তা/মনিব হচ্ছেন তাদের খরিদ্দার বা মক্কেল।

২০০৩ সালের ১লা আগস্ট থেকে এই আইন বিমান, রেইল, রাস্তা, সমুদ্র, দেশের ভিতরের জলপথ এবং হ্রদ পরিবহনের, সামুদ্রিক মৎস শিকার অথবা অন্যান্য সামুদ্রিক কারিগরির কর্মীদেরও ক্ষেত্রেও প্রযোয্য হবে।

## কর্মচারীদের/নিযুক্ত ব্যক্তিদের বেতন/তলব সহ ছুটির অধিকার কি?

একজন কর্মচারীর/নিযুক্ত ব্যক্তির বেতন/তলব সহ চার সপ্তাহের জন্য ছুটি পাওয়ার অধিকার আছে। যে সকল কর্মচারীরা/নিযুক্ত ব্যাক্তিরা খন্ড সময়ের(part time) জন্য কাজ করেন, তারা তাদের পুরা সময়ের(full time) কাজ করার সহকর্মীদের মত অনুপাত অনুযায়ী সমান ছুটি পাওয়ার অধিকার আছে। চাকুরীর নিয়োগকর্ত্তা/মনিব হয়তঃ তাদের কর্মচারীদের/নিযুক্ত ব্যক্তিদের চাকরীর চুক্তির মধ্যে এর থেকেও বেশী অধিকার দিতে পারেন। চুক্তি অনুসারে কি কি অধিকার আছে সেটা জানবার জন্য আপনার চাকরীর চুক্তি, এই সম্বন্ধে লিখিত বিবৃতি অথবা কোম্পানির হ্যান্ডবুক পরীক্ষা করে দেখুন।

উদাহরন:

একজন ব্যক্তি যিনি প্রতি সপ্তাহে, পুরা সময়ের(full time) জন্য ৫ দিন কাজ করছেন, তার বৎসরে ৫দিন x ৪ সপ্তাহ = ২০ দিনের ছুটি পাওয়ার অধিকার আছে। যে ব্যক্তি খন্ড সময়ের(part time) জন্য ২ দিনে কাজ করছেন তার বৎসরে ২দিন x ৪ সপ্তাহ = ৮ দিনের ছুটি পাওয়ার অধিকার আছে।

যে ব্যক্তি সপ্তাহে ১৫ ঘন্টার জন্য কাজ করছেন তার বৎসরে ১৫ ঘন্টা x ৪ সপ্তাহ = ৬০ ঘন্টা ছুটি পাওয়ার অধিকার আছে।

আইনতঃ একজন কর্মচারীর/নিযুক্তি ব্যক্তির জনসাধারনের ছুটির দিনের জন্য বেতন/তলব সহ ছুটি পাওয়ার অধিকার নাই। অতএব একজন নিয়োগকর্তা/মনিব হয়তঃ এই জনসাধারনের ছুটির দিনগুলিকে আপনার এই চার সপ্তাহের বেতন/তলব সহ ছুটির ভিতর যোগ করে দিতে পারেন। একজন কর্মচারী/নিযুক্ত ব্যক্তি যিনি ছুটির বৎসরের মাঝখানে কাজে যোগদান করেন তার আনুপাতিক(proportionate) বেতন/তলব সহ ছুটির দিন পাওয়ার অধিকার আছে। যেমন: একজন কর্মচারী/নিযুক্ত ব্যক্তি ছুটির বৎসর আরম্ভ হওয়ার ছয় মাস পরে কাজে যোগদান করেছেন, তার দুই সপ্তাহের বেতন/তলব সহ ছুটি পাওয়ার অধিকার আছে।

## জনসাধারনের ছুটির দিনগুলি কি এই অধিকারের অন্তর্ভূক্ত?

আইনতঃ একজন কর্মচারীর/নিযুক্ত ব্যক্তির জনসাধারনের ছুটির দিনের জন্য বেতন/তলব সহ ছুটি পাওয়ার অধিকার নাই। অতএব একজন নিয়োগকর্তা/মনিব হয়তঃ এই জনসাধারনের ছুটির দিনগুলিকে আপনার এই চার সপ্তাহের বেতন/তলব সহ ছুটির ভিতর যোগ করে দিতে পারেন।

## ছুটির সময় আমি কত বেতন/তলব পাব?

একজন কর্মচারীর/নিযুক্ত ব্যক্তির বাৎসরিক ছুটির সপ্তাহগুলিতে প্রত্যেক সপ্তাহের মত পুরা বেতন/তলব পাওয়ার অধিকার আছে। এর ভিতর চুক্তি অনুসারে অন্যান্য যে সকল অধিকার সেগুলিও অন্তর্ভূক্ত থাকবে। যেমন: রাত্রে কাজ করার জন্য যে বেতন/তলব। বাড়তি সময়ের কাজ করার জন্য যে বেতন/তলব সেগুলি এর অন্তর্ভূক্ত নয়, যদি না এই বাড়তি ঘন্টাগুলি একজন কর্মচারীর/নিযুক্তি ব্যক্তির চুক্তির মধ্যে থেকে থাকে। যেখানে একজন কর্মচারী/নিযুক্তি ব্যক্তি প্রত্যেক সপ্তাহে নির্দ্দিষ্ট সময়ের জন্য কাজ করেন না, সেখানে আগের ১২ সপ্তাহের গরপড়তা(average) কাজের সময় হিসার করে ছুটির ঘন্টার হিসাব করা হবে এবং একজন কর্মচারীর/নিযুক্ত ব্যক্তির বেতন/তলব তার সঙ্গে গুন(multiplying) করে ছুটির বেতন তলব ঠিক করা হবে।

## ছুটির বৎসর কোন সময় আরম্ভ হয়?

একজন কর্মচারী/নিযুক্ত ব্যক্তি যেদিন থেকে কাজে যোগদান করেন সেদিন থেকেই বেতন/তলব সহ ছুটির দিন জমা হতে থাকে। ছুটির বৎসর আরম্ভ হবে, হয়

- এটা আপনার চুক্তিতে লেখা থাকে

- যে দিন থেকে কাজ আরম্ভ করবেন সেদিন থেকে

- ১লা অক্টোবর (যেদিন থেকে এই আইন কার্যকরী হবে)

## নিয়োগকর্ত্তাকে/মনিবকে আমার কতদিনের নোটিশ দিতে হবে?

একজন কর্মচারী/নিযুক্ত ব্যক্তি যে দিনগুলিতে ছুটি নিতে চাইছেন তার জন্য তাকে আগে থেকেই নোটিশ দিতে হবে। তিনি যত দিনের জন্য ছুটি নিতে চাইছেন তার দ্বিগুন পরিমান সময়ের নোটিশ দিতে হবে। যেমন: এক সপ্তাহের ছুটির জন্য দুই সপ্তাহের নোটিশ। একজন কর্মচারীর/নিযুক্ত ব্যক্তির কোন কোন বিশেষ দিনগুলির ছুটির আবেদন নিয়োগকর্তা/মনিব হয়ত তাকে নোটিশ দিয়ে প্রত্যাখ্যান করতে পারেন। নিয়োগকর্তা/মনিব তাদের কর্মচারীর/নিযুক্ত ব্যক্তির সঙ্গে এই শর্ত করতে পারেন যে তারা কেবলমাত্র বছরের নির্দিষ্ট সময়ে ছুটি নিতে পারবেন যেমন: যখন কোম্পানি বন্ধ থাকে অথবা ক্রীসমাসের সময়।

## আমি যদি কাজে যেতে না পারি তাহলে কি হবে?

যতক্ষন পর্য্যন্ত চুক্তি থাকবে ততক্ষন পর্য্যন্ত আপনার ছুটির দিনগুলি জমা হতে থাকবে, [যেমন: অসুস্থতার জন্য ছুটি অথবা সাধারন মাতৃত্বের(maternity) জন্য ছুটি]। ছুটির বৎসরের মধ্যে যদি ছুটি না নেওয়া হয় তাহলে এই ছুটির দিনগুলি নষ্ট হয়ে যাবে, যদি না নিয়োগকর্তা/মনিবের সঙ্গে এই ছুটির দিনগুলি এগিয়ে যাওয়ার জন্য শর্ত করা হয়ে থাকে।

## আমি যখন কাজ ছেড়ে দেব তখন কি হবে?

যখন একজন একজন কর্মচারী/নিযুক্ত ব্যক্তি নিজের ইচ্ছায় কাজ ছেড়ে দেন অথবা তাকে বরখাস্ত করা হয়, ছুটির বছরের মধ্যে তার যে ছুটির দিনগুলি জমা হয়েছে, সেগুলির জন্য তিনি বেতন/তলব পাবেন।

যেমন: একজন কর্মচারী/নিযুক্ত ব্যক্তি তার ছুটির বৎসরের ছয় মাস কাজ করেছেন, এর ভিতর তিনি ৩ দিন ছুটি নিয়েছেন। তার বছরে ২০ দিন ছুটি পাওয়ার অধিকার আছে। ৬ মাসে জমা হয়েছে ১০ দিনের ছুটি - ৩ দিনের ছুটি নেওয়া হয়েছে = ৭ দিনের ছুটির জন্য বেতন/তলব দেওয়া হবে।

একজন কর্মচারী/নিযুক্ত ব্যক্তি যদি, তার জমা ছুটির দিনের থেকে বেশী ছুটি নিয়ে থাকেন তাহলে নিয়োগকর্ত্তা/মনিব, যে বাড়তি বেতন/তলব দেওয়া হয়েছে সেটা কেটে রাখতে পারেন। তবে নিয়োগকর্ত্তা/মনিব এটা করতে পারবেন, যদি কেবলমাত্র চাকরীর চুক্তিতে এটা পরিস্কারভাবে লেখা থাকে যে নিয়োগকর্ত্তা/মনিব এটা করতে পারেন।

## আপনি কি ভাবে আপনার অধিকার খাটাবেন?

আপনি যদি মনে করেন যে ওয়ার্কিং টাইম রেগুলেশন অথবা আপনার কাজের চুক্তি অনুযায়ী আপনি পুরা অধিকার পাচ্ছেন না, তাহলে আপনি একটি এমপ্লয়মেন্ট ট্রাইবুনালে(Employment Tribunal) আপনার অধিকারের দাবি করতে পারবেন। আপনার ছুটি নেওয়ার অনুরোধ প্রথম যে দিন প্রত্যাখ্যান করা হয়েছে, সেই দিন থেকে তিন মাসের মধ্যে আপনার এই দাবীর আবেদন ট্রাইবুনালের

কাছে করতে হবে। আমরা দৃঢ়ভাবে আপনাকে এই উপদেশ দেব যে, ট্রাইবুনালের কাছে এই দাবী নিয়ে যাওয়ার আগে আপনি স্থানীয় ল সেন্টার, সিটিজান এডভাইস ব্যুরো, অন্য যে কোন এডভাইস সেন্টার অথবা উকিলের কাছ থেকে নিরপেক্ষভাবে আইনের পরামর্শ এবং সাহায্য নিন।

ছুটি পাওয়ার অধিকার এবং বেতন/তলব সম্বন্ধে আরো তথ্য জানতে চাইলে নীচের ওয়েবসাইটগুলি দেখুন। www.dti.gov.uk, www.acas.gov.uk, www.employmenttribunals.gov.uk আপনার স্থানীয় এডভাইস সেন্টারগুলি এবং ট্রেড ইউনিয়নগুলির সঙ্গে যোগাযোগের জন্য নিম্নলিখিত ওয়েবসাইটগুলি দেখুন। www.lawcentres.org.uk, www.citizensadvice.org.uk, www,tuc.org.uk.